# ইন্ডিভিজুয়ালাইজড্ হোম ইন্সট্রাকশন প্ল্যান (IHIP) 9-12 গ্রেড

**শিক্ষা বছর** ____________________

**IHIP পূরণ করার নির্দেশাবলী**

1. হোমস্কুলিং শুরু হবার 28 দিনের মধ্যে IHIP অবশ্যই জমা দিতে হবে। ইমেইলের মাধ্যমে homeschool@schools.nyc.gov ঠিকানায় জমা দিন।
2. অনুগ্রহ করে IHIP-এর প্রতিটি সেকশন পূরণ করুন এবং সকল আবশ্যক তথ্য অন্তর্ভুক্ত করুন।
3. IHIP-তে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে:
   - শিক্ষার্থীর নাম, বয়স, এবং গ্রেড স্তর।
   - নিচে তালিকাবদ্ধ আবশ্যক প্রতিটি বিষয়ে (সাবজেক্ট) সিলেবাস, পাঠ্যক্রমের উপকরণ, টেক্সটবই অথবা শিক্ষা-নির্দেশনার পরিকল্পনার একটি তালিকা ব্যবহার করতে হবে।
   - শিক্ষা বছর জুড়ে (1 জুলাই - 30 জুন) সম-পরিমাণ সময় পর পর ত্রৈমাসিক (কোয়ার্টার্লি) রিপোর্টগুলো জমা দেয়ার তারিখসমূহ।
   - শিক্ষা-নির্দেশনা প্রদানকারী ব্যক্তির(দের) নাম(সমূহ)।
4. 9-12 গ্রেডে শিক্ষা-নির্দেশনা পরিমাপ করার জন্য বিভিন্ন ইউনিট ব্যবহার করা হয়, যেখানে একটি ইউনিট একটি পুরো শিক্ষায়তনিক বছরের সমান।
5. যদি কোনও বিষয়ে (সাবজেক্ট) 4-টি ইউনিট প্রয়োজন হয়, তবে সেটা অবশ্যই প্রতি বছর পড়াতে হবে।
6. যদি শিক্ষার্থী বিষয়টি (সাবজেক্ট) সম্পন্ন করেছে অথবা যদি এটা এই শিক্ষা বছরের জন্য প্রযোজ্য না হয়, তবে অনুগ্রহ করে সেই অনুযায়ী উল্লেখ করুন।
7. একটি অনলাইন প্রোগ্রাম ব্যবহার করলে, কোর্সের নাম এবং যে গ্রেডে পড়ছে তা উল্লেখ করুন।
   *উদাহরণ: Time4Learning (টাইমফরলার্নিং) – ক্যালকুলাস- দশম (10) গ্রেড*
8. লক্ষ্য করবেন যে 9-12 গ্রেডের হোমস্কুল শিক্ষার্থীদের অবশ্যই প্রতি বছর কমপক্ষে 990 ঘন্টা শিক্ষা-নির্দেশনা পেতে হবে।

| **শিক্ষার্থীর তথ্য** | | |
|---|---|---|
| শেষ নাম: | প্রথম নাম: | |
| জন্মতারিখ: | গ্রেড স্তর: | |
| 9-রাশির NYC স্টুডেন্ট ID # (যদি জানা থাকে): | | |
| **পিতামাতার তথ্য** | | |
| শেষ নাম: | প্রথম নাম: | |
| বাড়ির ঠিকানা: | | অ্যাপার্টমেন্ট #: |
| সিটি: | স্টেট: NY | জিপ: |
| টেলিফোন: | বিকল্প ফোন: | ইমেইল ঠিকানা: |
| শিক্ষা-নির্দেশনা প্রদানকারী ব্যক্তির(দের) নাম(সমূহ): | | |
| শেষ নাম: | প্রথম নাম: | |

আমি প্রত্যয়ন করছি যে আমার সন্তান, ______________________________ , _______________ শিক্ষা বছরের জন্য NYSED CR (নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কমিশনারের প্রবিধান) পার্ট 100.10-এর বাধ্যতামূলক শিক্ষাগত শর্তাবলী পূরণ করবে।

পিতামাতার স্বাক্ষর: ________________________________________ তারিখ: _______________

**প্রত্যেক বিষয়ের (সাবজেক্ট) জন্য পাঠ্যক্রমের উপকরণ, টেক্সটবই, সিলেবাস অথবা শিক্ষা-নির্দেশনার পরিকল্পনা প্রদান করুন।**

| বিষয়সমূহ (সাবজেক্ট) | সিলেবাস, পাঠ্যক্রমের উপকরণ, টেক্সটবই অথবা শিক্ষা-নির্দেশনার পরিকল্পনা |
|---|---|
| ইংরেজি (4 ইউনিট) | |
| সোশ্যাল স্টাডিজ (সমাজ পাঠ) (2 ইউনিট) | |
| আমেরিকান হিস্টরি (আমেরিকার ইতিহাস) (1 ইউনিট) | |
| পার্টিসিপেশন ইন গভর্নমেন্ট (সরকারে অংশগ্রহণ) (1/2 ইউনিট) | |
| ইকোনমিক্স (অর্থনীতি) (1/2 ইউনিট) | |
| সায়েন্স (বিজ্ঞান) (2 ইউনিট) | |
| আর্ট (শিল্প) এবং/অথবা মিউজিক (সঙ্গীত) (1 ইউনিট) | |
| আর্ট (শিল্প) এবং/অথবা মিউজিক (সঙ্গীত) (1 ইউনিট) | |
| হেলথ্ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা) (1/2 ইউনিট) | |
| ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষা) (2 ইউনিট) | |
| ঐচ্ছিক (3 ইউনিট) | |
| K থেকে 12 গ্রেডে উল্লেখিত বিষয়গুলো পড়াতে হবে: প্যাট্রিয়টিজম অ্যান্ড সিটিজেনশীপ; হেলথ্ এডুকেশন রিগার্ডিং অ্যালকোহল, ড্রাগ অ্যান্ড টোবাকো মিস্ইউজ; হাইওয়ে সেইফটি অ্যান্ড ট্রাফিক রেগুলেশন, এতে অন্তর্ভুক্ত বাইসাইকেল সেইফটি; এবং ফায়ার অ্যান্ড আর্সন প্রিভেনশন অ্যান্ড সেইফটি। | |

**ত্রৈমাসিক (কোয়ার্টার্লি) রিপোর্ট জমা দেয়ার তারিখ:** বছর জুড়ে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আপনার ত্রৈমাসিক রিপোর্ট জমা দেয়া আবশ্যক। আপনি যদি বছরের প্রথম অংশের পরে হোমস্কুলিং শুরু করে থাকেন, তবে আপনার শুধু বাকি কোয়ার্টারগুলোর জন্য রিপোর্ট জমা দেয়ার প্রয়োজন হবে।

| রিপোর্ট | জমাদানের তারিখ: |
|---|---|
| প্রথম ত্রৈমাসিক (কোয়ার্টার) রিপোর্ট *প্রস্তাবিত তারিখ-15 নভেম্বর* | |
| দ্বিতীয় ত্রৈমাসিক (কোয়ার্টার) রিপোর্ট *প্রস্তাবিত তারিখ-31 জানুয়ারি* | |
| তৃতীয় ত্রৈমাসিক (কোয়ার্টার) রিপোর্ট *প্রস্তাবিত তারিখ-15 এপ্রিল* | |
| চতুর্থ ত্রৈমাসিক (কোয়ার্টার) রিপোর্ট *প্রস্তাবিত তারিখ-30 জুন* | |

**বার্ষিক মূল্যায়ন:**

প্রতি বছর, শিক্ষায়তনিক অগ্রগতি প্রদর্শন করতে হোমস্কুল শিক্ষার্থীদেরকে অবশ্যই একটি বার্ষিক মূল্যায়ন (অ্যাসেস্‌মেন্ট) সম্পন্ন করতে হবে। এই আবশ্যকতা পূরণ করার জন্য, আপনার সন্তানের মূল্যায়নের স্কোর অবশ্যই হয় একটি স্ট্যান্ডার্ডাইজড্ (প্রমিতমান) টেস্টের 33 শতাংশের হারের উপরে থাকতে হবে অথবা বিগত বছরের টেস্টের তুলনায় কমপক্ষে এক বছরের শিক্ষায়তনিক উন্নতি প্রদর্শন করতে হবে। বাড়িতে শিক্ষা-নির্দেশনার ব্যক্তিগতকৃত পরিকল্পনায় (ইন্ডিভিজুয়ালাইজড্ হোম ইন্সট্রাকশন প্ল্যান, IHIP) তালিকাবদ্ধ পিতামাতা অথবা অভিভাবকগণ বৃত্তান্তমূলক মূল্যায়নটি লিখতে পারেন, একটি বাণিজ্যিকভাবে প্রকাশিত নিয়ম-উল্লেখিত অ্যাচিভমেন্ট এক্সাম (শিক্ষা অর্জন পরীক্ষা) কিনতে, পরিচালনা করতে, এবং স্কোর করতে পারেন। আপনার সন্তানের বার্ষিক মূল্যায়ন জমা দেয়ার শেষ তারিখ 30 জুন।

**বার্ষিক মূল্যায়ন: গ্রেড স্তর অনুযায়ী বিকল্পসমূহ:**

9-12 গ্রেড: **স্ট্যান্ডার্ডাইজড্ টেস্টিং প্রতি বছর আবশ্যক হয়।**

K-12 গ্রেডের যেসব শিক্ষার্থীর **IESP একটি বিকল্প মূল্যায়ন (অ্যাসেসমেন্ট) নির্দেশ করে**, তাদের জন্য বার্ষিক মূল্যায়নটি হতে পারে লিখিত বৃত্তান্ত মূল্যায়ন অথবা শিক্ষার্থীর সহপাঠীদের সাথে তুলনায় শিক্ষাগত মান অর্জনের বিভিন্ন উদাহরণে একটি পোর্টফোলিও।

যদি জানা থাকে, অনুগ্রহ করে আবশ্যক বার্ষিক মূল্যায়নের জন্য লিখিত বৃত্তান্ত নাকি স্টেট-অনুমোদিত প্রমিত মূল্যায়ন ব্যবহৃত হবে তা উল্লেখ করুন অথবা তৃতীয়-ত্রৈমাসিক রিপোর্টে আপনি কোনটি বেছে নিচ্ছেন তা আমাদেরকে জানিয়ে দিন।

***নিচের তালিকা থেকে একটি বেছে নিন:***

☐ NYS রিজেন্টস্: এই পরীক্ষাগুলো অবশ্যই একটি পাবলিক অথবা রেজিস্টারকৃত নন-পাবলিক স্কুলে হতে হবে। আপনি যদি চান আপনার সন্তান রিজেন্টস্ অথবা NYS ELA/ম্যাথ (গণিত) পরীক্ষায় অংশগ্রহণ করুক, তবে আপনার সন্তানকে পরীক্ষার জন্য রেজিস্টার করতে অনুগ্রহ করে একটি স্থানীয় স্কুলের সাথে যোগাযোগ করুন। অনুগ্রহ করে জেনে রাখবেন যে এটা প্রিন্সিপালের ইচ্ছাধীন। একটি স্কুল বিল্ডিংয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য টিকা গ্রহণের (ইমিউনাইজেশনের) প্রমাণ আবশ্যক।

☐ আইওয়া টেস্ট অভ বেসিক স্কিলস্

☐ ক্যালিফোর্নিয়া অ্যাচিভমেন্ট টেস্ট

☐ স্ট্যানফোর্ড অ্যাচিভমেন্ট টেস্ট

☐ কম্প্রিহেনসিভ টেস্ট অভ বেসিক স্কিলস্

☐ মেট্রোপলিটান অ্যাচিভমেন্ট টেস্ট

☐ P.A.S.S. টেস্ট

☐ IESP অল্টারনেট অ্যাসেসমেন্ট